৫৭

দৈনিক বাংলা

তারিখ 12 DEC 1993
পৃষ্ঠা ৫ কলাম ৭

২৭

# শিক্ষার মান ও শিক্ষকের জ্ঞান

আমাদের দেশের শিক্ষার মানকে সন্তোষজনক বলা যাবে না। এ কোন নতুন কথা নয়। তবে পুরানো বিষয়গুলি যখন বার বার নতুন রূপ নিয়ে সামনে এসে দাঁড়ায় তখন সে সম্পর্কে আলোচনা হওয়া দরকার। অবস্থা উন্নয়নের উপায় সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণেরও প্রয়োজন আছে।

সম্প্রতি চট্টগ্রামে সরকারী হাইস্কুলের সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য পরীক্ষা নেয়া হয়। যারা পরীক্ষা দিয়েছেন তাদের অনেকের প্রাতিষ্ঠানিক শিক্ষার রেকর্ড ভাল। এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যন্ত প্রথম বিভাগ পাওয়া ছাত্র ছাত্রীও ছিলেন। কিন্তু চাকরির পরীক্ষায় এরা ভাল করেননি। বেশ কিছু বানান এরা ভুল লিখেছেন। ব্যাকরণের ত্রুটি আছে এদের লেখায়। অধিকাংশ পরীক্ষার্থীর সাধারণ জ্ঞানের অভাব প্রকটভাবে ধরা পড়েছে। এরা নিজের দেশ সম্পর্কেও ভালমত অবহিত নন।

শিক্ষাজীবনে মোটামুটি সফল প্রার্থীরা যখন এ ধরনের অজ্ঞতা প্রকাশ করেন তখন একথা মনে করলে হয়ত ভুল হবে না যে, দেশের শিক্ষা ব্যবস্থাতেই কিছু ত্রুটি আছে। ভুল আছে শিক্ষা সম্পর্কে সামাজিক দৃষ্টিভঙ্গিতেও। পরীক্ষায় পাস করা বা প্রথম বিভাগ পাবার জন্য পড়ার সঙ্গে জ্ঞানার্জনের জন্য পড়ায় আমরা একটা ব্যবধান সৃষ্টি করে ফেলেছি। এমনকি দৈনন্দিন জীবনযাত্রার জন্য প্রয়োজনীয় সাধারণ জ্ঞান বাদ দিয়েও পরীক্ষা পাসের পড়া সম্ভব। একবার পরীক্ষা পাসের পালা শেষ হলে তো কথাই নেই। জীবনে আর কিছু জানার যে প্রয়োজন হতে পারে এ কথা অনেকেই বিশ্বাস করেন না। এই দৃষ্টিভঙ্গি পরিবর্তনের চেষ্টা করতে হবে। শিক্ষার্থীদের মধ্যে নিজের দেশের পরিস্থিতি ও পৃথিবীর চলতি হালচাল সম্পর্কে জানার আগ্রহ জাগিয়ে তুলতে চেষ্টা করতে হবে। সম্ভব হলে পাঠ্যসূচীকে পরিবর্তিত অথবা এই ধারার সঙ্গে সমন্বিত করতে হবে।

শিক্ষার মান উন্নয়নের কথা আমরা সবাই বলি। কিন্তু এ সম্পর্কে কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়েছে এটা আমরা দাবী করতে পারি না। রাজধানীর স্বল্পসংখ্যক কয়েকটি স্কুলে শিক্ষার মান হয়ত মোটামুটি সন্তোষজনক। কিন্তু রাজধানীসহ সারা দেশের অন্যান্য স্কুলে শিক্ষার মান অধিকাংশ ক্ষেত্রেই ভাল নয়। বিশেষ করে গ্রামে-গঞ্জে এবং ছোটখাটো শহরের স্কুলে শিক্ষার মান হতাশাব্যঞ্জক। একথা ঠিক যে শুধু পাঠ্যসূচী উন্নত মানের হলেই শিক্ষার মান উন্নত হবে না। যদিও সঠিক পাঠ্যসূচীর ভূমিকাও গুরুত্বপূর্ণ। শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের দায়িত্ব বিশেষ। তাই উপযুক্ত শিক্ষক নিয়োগ দরকার। বলা ভাল, শিক্ষকদের তাদের পেশায় দক্ষ করে তোলার ওপর গুরুত্ব আরোপ করতে হবে।

শিক্ষা বিষয়ক কর্মসূচীতে শিক্ষার মান উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা অবশ্যই গুরুত্বপূর্ণ। আমরা আশা করব দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে শিক্ষারমান উন্নয়নের ব্যবস্থা নিশ্চিত হবে। মোটামুটি একটা মান যাতে সব প্রতিষ্ঠান অর্জন করতে পারে সে লক্ষ্যে কাজ করতে হবে।

SHEETS